**SENIOR SCHOOL CERTIFICATE EXAMINATION ..... 2019**

# MARKING SCHEME

## SUBJECT - BENGALI (বাংলা)

## CLASS XII

## SESSION - 2018 - 2019

## SUBJECT CODE : 105

# Code No. 105

- Please check that this question paper contains 8 printed pages.

The Question Paper is divided into four Sections

SECTION - A : Reading (Comprehension)

SECTION - B : Grammar

SECTION - C : Composition & Writing

SECTION - D : Literature

**Senior School Certificate Examination - 2019**
**Marking Scheme**
**Class - XII (2018 - 19)**
**Subject - Bengali**

সময় - ৩ ঘন্টা | সর্বমোট অঙ্ক - ৮৫

***Time : 3 Hrs.*** | ***Maximum Marks - 85***

## Section - A (Reading Comprehension)

Q. No. | Expected Answer / Value Points | Distribution of Marks

1. অনচ্ছেদটি পড়ে প্রশোত্তর চারটি প্রশের উত্তর অনুচ্ছেদ পড়ে লিখতে হবে। শেষ প্রশের উত্তর ব্যাকরণ ভিত্তিক। 1+1+1+1+1 = 5

- অনুচ্ছেদ অনুসরণে নিজের ভাষায় সঠিক উত্তর লিখলে

**অথবা**

- সরাসরি অনুচ্ছেদ থেকে প্রাসঙ্গিক বাক্য তুলে দিলে

**অথবা**

- কেবল মাত্র সংকেত শব্দ / শব্দগুচ্ছ লিখলেও পুরো নম্বর।

a) কামিনী সেনের পিতামহের নাম ছিল নিমচাঁদ সেন।
b) কামিনীর অঙ্ক পারদর্শিতার জন্য তাঁর শিক্ষক শ্যামাচরণ বাবু তাঁকে লীলাবতী নামে ডাকতেন।
c) চোদ্দ বছর বয়সে প্রথম বিভাগে মাইনর পরীক্ষায় পাশ করেন।
d) শিক্ষকতার জন্য তিনি প্রথম বেথুন স্কুল থেকে ডাক পান।
e) শিশুদের জন্য শিক্ষা (তৎপুরুষ সমাস)

2. 1 নং প্রশের অনুরূপ 1+1+1+1+1 = 5

উত্তর সংকেত ঃ

a) ভারতবর্ষে প্রথম পাশ্চাত্য প্রতিষ্ঠান হিন্দু কলেজ।
b) কলেজের রক্ষণশীল প্রতিষ্ঠাতৃবর্গ রামমোহনকে হিন্দু কলেজ থেকে দূরে সরিয়ে রেখেছেন ।

c) রামমোহনের প্রেরিত পত্র ও মতামতের ফলে সরকারী অর্থে নির্মিত একই বিল্ডিং-এ ও এক ছাতায় সংস্কৃত কলেজের সঙ্গে হিন্দু কলেজও স্থান পায়।

d) কলেজের বাৎসরিক পারিতোষিক উৎসবে।

e) সম্ + কৃত

## Section - B (Grammar)

3. ধবনিবিজ্ঞানের যে-কোনো একটি রীতির দুটি উদাহরণসহ সংজ্ঞা । 3+2 = 5

- শুধু সংজ্ঞাটিকে ঠিকভাবে লিখলে 3 নম্বর ।
- উৎস শব্দটিকে পাশে রেখে উদাহরণ দিলে অর্থাৎ উচ্চারণ পরিবর্তনের স্তর নির্দেশের চেষ্টা করলে প্রতিটি উদাহরণ 1 নম্বর । যেমন অপিনিহিতি - 'করিয়া' > 'কইর্যা' । কিন্তু, কেবল সংশ্লিষ্ট রীতি প্রভাবিত শব্দটির উল্লেখ করলে 0.5 নম্বর ।
  যেমন - অপিনিহিতি - 'কইর্যা'।

4. অলঙ্কারের উদাহরণসহ সংজ্ঞা। (যে কোনো একটি । 3+2 = 5

a) উপমা b) শ্লেষ c) যমক

- সংজ্ঞার জন্য 3 নম্বর । উদাহরণের জন্য 1.5 নম্বর এবং সংজ্ঞার সঙ্গে উদাহরণের যোগ স্থাপনের জন্য 0.5 নম্বর।

**অথবা**

সংজ্ঞা সহ অলঙ্কার নির্ণয় । যে কোনো একটি

- মূল অলঙ্কারের নাম করলেই 3 নম্বর
- শুধু সংজ্ঞা 1.5 নম্বর এবং সংজ্ঞাকে যুক্তিযুক্ত করতে পারলে পুরো 2 নম্বর।

a) যমক

b) অনুপ্রাস

c) শ্লেষ

d) উপমা

e) যমক

5. বাগধারা / প্রবাদ (যে কোন চারটি) 2×4 = 8

- অর্থ লিখে বাক্য রচনা । প্রতিটি 2 নম্বর।
- অর্থ ঠিক, কিন্তু বাক্য ভুল - 1 নম্বর

- অর্থ ঠিক, বাক্যও ঠিক কিন্তু স্বয়ংসম্পূর্ণ নয় (যেমন সে একজন বকধার্মিক) 2 নম্বর
- অর্থের কোনো উল্লেখ নেই, বাক্যও স্বয়ংসম্পূর্ণ নয় - 1 নম্বর।
- অর্থের উল্লেখ নেই, কিন্তু, বাক্য স্বয়ংসম্পূর্ণ 1.5 নম্বর

উত্তর সংকেত ঃ

রথ দেখা কলা বেচা - একই সঙ্গে একাধিক উদ্দেশ্য সিদ্ধ করা

চোখে চোখে রাখা - নজরে রাখা .

তিলকে তাল করা - বাড়িয়ে বলা / অতিরঞ্জিত করা

পান থেকে চুন খসা - সামান্য ত্রুটিবিচ্যুতি হওয়া

আক্কেল সেলামি - বোকামির দণ্ড দেওয়া বা অনভিজ্ঞতার দণ্ড

এক হাত নেওয়া - প্রতিশোধ গ্রহণ

চক্ষুশূল - অপ্রিয়

তাসের ঘর - ভঙ্গুর

**Section - C**
**(Composition)**

6. প্রতিবেদন পড়ে প্রশোত্তর । 2+2+2=6

 a) শিরোনাম - প্রতিবেদনের মূল বিষয়টি কয়েকটি শব্দের মধ্যে উল্লেখ করতে পারলেই 1 থেকে 2 নম্বর দেওয়া হবে। (সংকেত ঃ জাদুঘর ভস্মীভূত, অগিগ্রাসে জাদুঘর...)

 b) ১৮১৮ সালে রাজা ষষ্ঠ জোয়াও এটি প্রতিষ্ঠা করেন।

 c) ব্রাজিলের জাতীয় সংগ্রহশালায় ভয়াবহ অগিকাণ্ড ঘটে। আগুন লাগার কারণ এখনও জানা যায়নি।

7. পত্র রচনা ঃ বন্ধু অথবা ভাই 3+3 = 6

 - চিঠির বিষয়বস্তুর জন্য 3 নম্বর ।
 - অবয়র সংস্থানে তারিখ, প্রেরকের ঠিকানা বা স্থান, সম্বোধন ও সমাপ্তি সূচক পদ থাকবে। প্রতিটির জন্য 0.5 করে মোট 2 নম্বর।
 - পত্রের শেষে স্বতন্ত্রভাবে প্রাপকের নাম ঠিকানা দিতে পারলে আরো 1 নম্বর দেওয়া হবে।
 - পত্রের বিষয়বস্তুর জন্য 3 নম্বর ।
 - বক্তব্য ঠিক থাকলে অন্তত 2 নম্বর ।

- দক্ষতা ও ব্যক্তিগত পত্রের সুরটি বজায় থাকলে পুরো 3 নম্বর দেওয়া যাবে।

## Section - D (Literature)

8. গদ্য থেকে উদ্ধৃতি ভিত্তিক প্রশ্ন 1+1+3 = 5

"সে শূন্যদৃষ্টিতে.................. রইল।"

a) মানিক বন্দ্যোপাধ্যায়ের লেখা 'কে বাঁচায় কে বাঁচে' গল্পের অন্তর্গত।

b) 'সে' বলতে মৃত্যুঞ্জয়কে বোঝানো হয়েছে ।

c) অফিস যাওয়ার পথে ফুটপাতে অনাহারে মৃত্যু দেখে মৃত্যুঞ্জয়ের শরীর অসুস্থ হয়ে পড়ে। শারীরিক ও মানসিক বেদনায় পীড়িত হয়। বাথরুমে গিয়ে বমি করে সব খাবার উগরে দেওয়ার পর ঘরে এসে কাঁচের গ্লাসে করে জল খেয়ে, খালি গ্লাসটা নামিয়ে রেখে সে শূন্যদৃষ্টিতে দেওয়ালের দিকে তাকিয়ে থাকে।

**অথবা**

"তার চোখ --------- হিংস্র।"

a) মহাশ্বেতা দেবীর লেখা 'ভাত' - গল্পের অন্তর্গত।

b) উৎসব নাইয়ার কথা বলা হয়েছে, বা উচ্ছব নাইয়ার কথা।

c) বাড়ির কর্তার মৃত্যুর পর বাসিনী যখন অশৌচ বাড়ির ভাত বড়ো ডেকচি করে ফেলতে যায় তখন উৎসব তার কাছ থেকে ডেকচি নিয়ে বলে দূরে ফেলে দিয়ে আসার কথা। বাসিনী তাকে অশৌচ বাড়ির ভাত খেতে বারণ করায় তার চোখের এরূপ দৃষ্টিহয়। 6

9. পাঠ্য গদ্যাংশ থেকে নির্বাচন মূলক প্রশ্ন (MCQ) (a) থেকে (h) পর্যন্ত আটটি প্রশ্নের মধ্যে যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর বেছে লিখতে হবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য 1 নম্বর। 1×5 = 5

উত্তর ঃ

a) ii) জমি চাওয়া দরখাস্তের নকল

b) iii) লঙ্গরখানার অন্ন প্রার্থীদের সম্পর্কে

c) i) তিনদিন

d) iii) কে বাঁচায়, কে বাঁচে

e) ii) হোমের আগে সবকিছু রান্না করতে হবে, হোম শেষে তবে খাওয়া যাবে।

f) i) সুযোগ বুঝে

g) iii) অকাল দুর্যোগে ধানের প্রচণ্ড ক্ষতি হবে বলে

h) ii) টুনুর মা নিখিলকে ।

10. পাঠ্য কবিতা থেকে সপ্রসঙ্গ ব্যাখ্যা। যে কোনো একটি। 5

মূল্যায়ন নীতি ঃ

- সূত্র নির্ভুল হলে 1 নম্বর
- প্রসঙ্গ উল্লেখ করলেই 1 নম্বর
- ব্যাখ্যার জন্য থাকবে 3 নম্বর। ন্যূনতম 1 নম্বর এবং বিশ্লেষণ বা উপস্থাপনার মান অনুযায়ী 2 থেকে পুরো 3 নম্বর।

  ব্যাখ্যা অংশটি যদি ভালো না ও হয়, সূত্র প্রসঙ্গ ব্যাখ্যা - এই তিনটি অংশে গুছিয়ে লেখা হলেও পুরো 3 নম্বর দেওয়া যাবে।

উত্তর সংকেত ঃ

‘‘আমার বিবেক ------- আগে।’’

- সূত্র } কবি - মৃদুল দাশগুপ্ত
- কবিতা - ক্রন্দনরতা জননীর পাশে।

  প্রসঙ্গ ঃ সমাজে নানা কারণে ঘটে যাওয়া অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ।

ব্যাখ্যাঃ মানুষের দ্বারা মানুষের প্রতি অন্যায়, অবিচার, শোষণ, অত্যাচারের প্রতিবাদ মানুষকেই করতে হবে। এটাই মানবিকতার দায়। এই দায় পালন করার মধ্যে দিয়েই মানব জাবনের সার্থকতা খুঁজে পান কবি।

**অথবা**

‘‘আরোগ্যের জন্য --------- দরকার।’’

- সূত্র ঃ কবি - শক্তি চট্টোপাধ্যায়

  কবিতা - আমি দেখি।
- প্রসঙ্গ ঃ অরণ্যপ্রেমী কবির সবুজের প্রতি ভালোবাসা,

  নীরোগ জাবনের কামনা।
- ব্যাখ্যা ঃ অরন্য ও গ্রামকে লেহন করতে করেত সভ্যতা এগিয়েছে, নগরায়ণ শিল্পায়ন বস্তুগত উন্নয়নের বিস্তার ঘটেছে। তাই বস্তুগত সমৃদ্ধি বৃদ্ধির সঙ্গে সঙ্গে কমেছে প্রাণের

আরাম, মনের আনন্দ, আত্মার শান্তি। সভ্যতার অসুখ এটাই। কবি তাই সভ্যতা বা উন্নয়ন থেকে মুখ ঘোরান নি। শুধু প্রগতি ও প্রাণের মধ্যে একটা ভারসাম্য কামনা করেছেন। উন্নয়ন প্রত্যাশী আরোগ্যকামী কবি তাই তাঁর বাগানে গাছ বসানোর আবেদন জানিয়েছেন ।

11. কবিতা থেকে উদ্ধৃতি-ভিত্তিক প্রশ্ন ঃ

‘‘মৃত্যুতে ------- করে দিতে।’’ 1+1+3 = 5

a) রবীন্দ্রনাথ ঠাকুর

b) মূলকাব্যগ্রন্থ - শেষ লেখা

c) জীবনের কাছে আমাদের বহু ঋণ। জীবন থেকে আমরা অনেক কিছু লাভ করি। তা শোধ করার একমাত্র পন্থা অনিবার্য মৃত্যু। কারণ, বিশ্বপ্রকৃতিই যেখানে সত্য-মিথ্যার পার্থক্য নিরূপণ করে, মানুষের জীবনে সমৃদ্ধি ঘটায়, মৃত্যুর মধ্যে দিয়ে সেই দেনা শোধ হয় - এই কথাগুলো গুছিয়ে লিখতে হবে।

**অথবা**

‘‘নিহত ভাইয়ের ------- ক্রোধ।’’

a) ‘‘ক্রন্দনরতা জননীর পাশে’’ - কবিতার অংশ।

b) ‘নিহত ভাই’ - বলতে নিপীড়িত, নির্যাতিত মানুষদের কথা বলা হয়েছে, যারা অকালে মৃত্যু বরণ করেছে।

c) নিহত ভাইয়ের শবদেহ দেখে নিস্পৃহ- উদাসীন থাকলে ভালোবাস, সমাজ, মূল্যবোধ সবই অর্থহীন হয়ে পড়ে - এই কথাগুলো গুছিয়ে লিখতে হবে।

12. নাটক থেকে পংক্তি তুলে প্রশ্নঃ 2+3 = 5

‘‘সেই রাত্রেই --------- বুঝলুম।’’

a) অজিতেশ বন্দ্যোপাধ্যায়ের লেখা, ‘‘নানারঙের দিনগুলি’’ - নাটকের অংশ।

b) থিয়েটার পাগল রজনীবাবুর অসামান্য অভিনয় দেখে বড়োলোকের এক সুন্দরী মেয়ে তাঁর প্রেমে পড়লেও বিয়েরশর্ত হিসেবে তাঁকে থিয়েটার ছেড়ে দিতে বলে। রজনীবাবু এই প্রস্তাবে রাজী হন না, কিন্তু, জীবন সম্বন্ধে তাঁর একগভীর অনুভূতি হয় যে নাট্যাভিনয়কে যারা পবিত্র শিল্প মনে করে তারা সব গাধা - এগুলি গুছিয়ে লিখতে হবে ।

**অথবা**

‘‘আমার প্রতিভা----- প্রতিভা।’’

a) রজনীকান্ত চট্টোপাধ্যায় হলে বক্তা। কালীনাথের প্রতি এই উক্তি করেছেন।

b) অভিনয় জীবনের শেষ প্রান্তে দাঁড়িয়ে যখন তিনি গভীর হতাশা ও একাকীত্বে ভুগছিলেন, তখন পুরনোদিনের নাটকের অভিনয় অত্যন্ত দক্ষতার সঙ্গে করতে পেরে তাঁর এই উপলব্ধি হয় যে প্রতিভা কখনও মরে না, তিনি আজও শেষ হয়ে যান নি।

13. পাঠ্য নাটক 'নানা রঙের দিন' থেকে নির্বাচনমূলক প্রশ (MCQ) $1\times5 = 5$

(a) থেকে (h) -এর মধ্যে যে কোনো পাঁচটি প্রশের উত্তর বেছে লিখতে হবে। প্রতিটি 1 নম্বর।

a) ii) রিজিয়া

b) i) মিরজ্‌মলা

c) iii) দারার

d) ii) রামব্রীজ

e) iii) পুলিশে

f) ii) ৪৫ বছর

g) ii) জনশূন্য প্রেক্ষাগৃহ

h) i) যতক্ষণ স্টেজে দাঁড়িয়ে থাকে।

14. পাঠ্য আর্ন্তজাতিক কবিতা থেকে পংক্তি তুলে প্রশ ঃ $2+3 = 5$

''জয়তোরণে -------সিজার ?''

a) বের্টোল্ট ব্রেখ্‌ট লেখা পড়তে জানে এমন এক মজ়রের প্রশ – কবিতার অংশ ।

b) শিক্ষিত এক মজ়রের মধ্যে দিয়ে কবি সমাজের কাছে শ্রমিক শ্রেণীর মানুষের ইতিহাসে উপেক্ষার প্রতি দৃষ্টিপাত করতে চেয়েছেন। ইতিহাস চিরকাল শ্রমজাবা মানুষদের প্রতি নারব, তারা কোনদিনই সমাজ ও ইতিহাসে তাদের যথার্থ মর্যাদা ও স্বীকৃতি পায়নি - এই কথাগুলি গুছিয়ে লিখতে হবে।

**অথবা**

''পাতায় ------- বানাত কারা ?''

a) মূলকবি - বের্টোল্ট ব্রেখ্‌ট
অনুবাদক - শঙ্খ ঘোষ

b) সমাজে যারা অন্যের জন্য নিজের জাবনকে উৎসর্গ করেছে, আলোকিত করেছে, তারা নিজেরা থেকে গেছে অন্ধকারে। শ্রমজাবী মানুষদের প্রতি ইতিহাসের এই নীরবতা কবিকে তাদের প্রতি সহানুভূতিশীল করে তুলেছে।

15. ‘আমার বাংলা’ গ্রন্থ থেকে পংক্তি তুলে প্রশ। 1+4 = 5

‘এদিকে ------- নানাকার প্রথা।’’

a) ‘ছাতির বদলে হাতি’ - রচনার অন্তর্গত।

b) নানকার প্রজাদের জমিতে স্বত্ব ছিল না। জমি জরিপের পর আড়াই টাকা পর্যন্ত খাজনা সাব্যস্ত হত। খাজনা না দিতে পারলে, কাছাড়িতে ধরে পিছমোড়া করে বেঁধে মারত ও মালঘরে আটকে রাখত। মহাজনেরা বাছা ধানে এক মনে দু-মন সুদ আদায় করত।

এটা গুছিয়ে লিখবে।

কিন্তু নওয়াপাড়া দুমনাকুড়া, ঘোষ-পাড়া ও ভুবন কুড়ার ডালু চাষিরা বলেছিল যে, জমিদারের খামারে ধান তুলবে না। পুলিশ কাছারি করেও কিছু হয়নি, শেষে জমিদার হার মেনেছে ।

**অথবা**

‘‘সে গল্প ------ ঠাকুর।’’

a) ‘কলকাতা’ শহরের গল্পের কথা বলা হয়েছে ।

b) ‘কলকাতা খুব ভালো লেগেছিল তার । কালীঘাট থেকে পৈতে নিয়ে দেশে ফিরে সকলের কাছে কলকাতার গল্প বলেছিল, কিন্তু, হিন্দু-মুসলমানদের মধ্যে যখন দাঙ্গা বাধে, ইংরেজরা দূর থেকে তা উপভোগ করে, তখন তারা কলকাতা ছেড়ে পালিয়ে প্রাণে বেঁচেছিল - এগুলি গুছিয়ে লিখতে হবে।

16. আমার বাংলা থেকে নির্বাচন মূলক প্রশ (MCQ) (a) থেকে (h) এর মধ্যে যে কোন পাঁচটি প্রশের উত্তর লিখতে হবে। প্রতিটি সঠিক উত্তর 1 নম্বর। 1×5 = 5

a) iii) ছেষট্টি বিঘা

b) ii) ফুটপাথে

c) i) মার্কা

d) ii) ফকির

e) i) চট্টগ্রাম অস্ত্রাগারে লুণ্ঠনের মামলার গল্প

f) i) তিস্তা

g) iii) হিমালয় পর্বত

h) i) বাংলা